

Semester 4 Raya bhattacharya

বিশ্ব ব্যবস্থাপক তত্ত্ব

বিশ্ব ব্যবস্থাপক তত্ত্ব আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে একটি বিতর্কিত এবং প্রভাবশালী তত্ত্ব। এই তত্ত্বের বৌদ্ধিক মূল মার্কসবাদী চিন্তাধারার মধ্যে নিহিত। লেনিনের সাম্রাজ্যবাদ বিষয়ে মতবাদ এই তত্ত্বকে প্রভাবিত করেছে। Dependency Theory বা নির্ভরতা তত্ত্বও এই মতবাদকে প্রভাবিত করেছে। সাম্প্রতিককালে এই তত্ত্বের অগ্রণী প্রবক্তা হলেন Immanuel Wallerstein ও John Galtung ।

এই তত্ত্ব অনুযায়ী বিশ্বের সব আন্তর্জাতিক ঘটনা পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় একটা বিশ্ব ব্যবস্থার মধ্যে। সেই ব্যবস্থা বিশ্বের ধনতন্ত্রের নীতি ও নিয়ম অনুসারে সংগঠিত। বিশ্ব ব্যবস্থার কাঠামো ও কার্যপদ্ধতি অনুসারে বিশ্বরাজনীতি পরিচালিত হয়।

- Immanuel Wallerstein এর মতে, বর্তমান বিশ্ব ব্যবস্থাকে ধনতন্ত্রচালিত বিশ্ব অর্থনীতি বলে বর্ণনা করা যায়। ধনতন্ত্রবাদী বুর্জোয়াদের রাজনৈতিক হাতিয়ার রূপে ইউরোপে আধুনিক রাষ্ট্রব্যবস্থার উদ্ভব হয়েছে। বিশ্বে ধনতান্ত্রিক অর্থনীতির প্রসারের সঙ্গে সঙ্গে বিশ্বব্যাপী রাষ্ট্রব্যবস্থা প্রসারিত হয়েছে।
- এই ধনতান্ত্রিক বিশ্ব অর্থনীতি কতগুলো নির্দিষ্ট নিয়মের ভিত্তিতে পরিচালিত হয়। এইসব নিয়ম অনুসারে আন্তর্জাতিক শ্রম বিভাজন লক্ষ্য করা যায়।
- ধনতন্ত্রবাদী বিশ্ব অর্থব্যবস্থার মূল লক্ষ্য হলো মূলধনের নিরন্তর সঞ্চয়।
- এই বিশ্ব অর্থব্যবস্থার প্রধান হাতিয়ার হলো বিভিন্ন রাষ্ট্রের সীমানা অতিক্রমকারী উৎপাদন ব্যবস্থা।
- এই তত্ত্ব অনুযায়ী বিশ্ব মূলত দুই ভাগে বিভক্ত - Core ও Periphery । লেনিন সাম্রাজ্যবাদ বিষয়ে তাঁর মত ব্যাখ্যা করে বলেছেন যে, বিশ্ব অর্থনীতি দুই ভাগে বিভক্ত - Core ও Periphery ।
- Core অঞ্চলের ধনতন্ত্রবাদীরা Periphery অঞ্চলগুলিকে শোষণ করে।
- Wallerstein এর মতে, বহু দেশের বহু উৎপাদক ধনতান্ত্রিক উৎপাদন ব্যবস্থার সঙ্গে যুক্ত। কয়েকজন উৎপাদক একচেটিয়া উৎপাদন-পরিচালন কাজে নিযুক্ত। উচ্চধরের একচেটিয়ামূলক ব্যবস্থা অধিক মুনাফা অর্জনে সাহায্য করে।

কতগুলো দেশে লাভজনক উৎপাদন ব্যবস্থা কেন্দ্রীভূত। তাদের বিশ্ব অর্থনীতির Core বলা হয়। কম মুনাফা অর্জনকারী উৎপাদনব্যবস্থা ভৌগলিকভাবে বিশ্বের বিভিন্ন অঞ্চলে ছড়ানো থাকে। তাদের Periphery Zones বলে।

- Wallerstein Semi-Peripheral Zone সম্বন্ধেও উল্লেখ করেছেন। Core ও Periphery এলাকার মধ্যে এমন উৎপাদন সম্পর্ক গড়ে উঠে যে উদ্বৃত্ত মূল্য Periphery থেকে Core Zone এ স্থানান্তরিত হয়। উদ্বৃত্ত মূল্য শ্রমিক থেকে মালিকের হাতে, Peripheral Zone এর মালিকের থেকে Core Sector এর মালিকের হাতে হস্তান্তরিত হয়।

Wallerstein এর মতে, বর্তমান বিশ্ব ব্যবস্থা তিনটি স্তরের উপর প্রতিষ্ঠিত :

- (১) একটি অপেক্ষাকৃত স্থায়ী আন্তঃরাষ্ট্রীয় ব্যবস্থা।
- (২) একটি উচ্চ মুনাফা যুক্ত উৎপাদন ব্যবস্থা।
- (৩) সার্বভৌম রাষ্ট্রসমূহের মধ্যে সামাজিক বন্ধন।

বিশ্বব্যবস্থার কয়েকটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হল :

- (ক) উদার-রাজনৈতিক কৌশল।
- (খ) জ্ঞান-ব্যবস্থার পুনর্গঠন।
- (গ) প্রচলিত ব্যবস্থা-বিরোধী আন্দোলনসমূহ দমন।

বৈশিষ্ট্যসমূহ :-

বিশ্বব্যবস্থা তত্ত্বের কতগুলো বৈশিষ্ট্য লক্ষণীয়-

- ১) Wallerstein বিশ্ব অর্থনীতি ও ধনতন্ত্রকে সমর্থক বলে গণ্য করেছেন।
- ২) তাঁর মতে, ধনতন্ত্রবাদ একটি আন্তর্জাতিক ঘটনা।
- ৩) ধনতন্ত্রবাদী বিশ্ব অর্থনীতি আন্তর্জাতিক শ্রম বিভাজনের ওপর প্রতিষ্ঠিত।

৪) ধনতন্ত্রবাদী বিশ্ব অর্থনীতি মূলত দুই ভাগে বিভক্ত - Core ও Periphery। তবে Wallerstein Semi-Periphery অঞ্চলের কথাও বলেছেন।

৫) Core ও Periphery অঞ্চলের পারস্পরিক নির্ভরশীলতার সম্পর্ক। তবে এই সম্পর্ক মূলত বৈষম্যমূলক। Core অঞ্চলগুলো Periphery এলাকাগুলোকে নিরন্তর শোষণ করে চলেছে।

৬) ধনতন্ত্রবাদী বিশ্ব অর্থনীতি নিরন্তর সংকোচন ও প্রসারণের মধ্যে দিয়ে চলেছে।

৭) এই ব্যবস্থার মধ্যে শক্তিগত কেন্দ্রিকতার ধারণা চক্রাকারে আবর্তিত হচ্ছে।

সমালোচনা :-

১) বহু লেখক Wallerstein এর ধনতন্ত্র বিষয়ক ধারণাকে ভুল বলেছেন।

২) Wallerstein এর বিশ্লেষণকে Deterministic বলা হয়। তাঁর মতে, বিশ্ব ব্যবস্থার অন্তর্গত ইউনিটগুলোর স্বতন্ত্রভাবে কাজ করার স্বাধীনতা নেই। তারা সবসময় বিশ্বব্যবস্থায় তাদের অবস্থানের দ্বারা নিয়ন্ত্রিত।

৩) তাঁর মতে এই তত্ত্ব সোভিয়েত প্রভুত্বমূলক আচরণ বা চীনের প্রভুত্বমূলক আচরণ বিশ্লেষণে সাহায্য করে না।

৪) এই তত্ত্বের সাহায্যে Periphery এলাকার বিভিন্ন রাষ্ট্রের মধ্যে বিবাদ ও সংঘর্ষ সঠিকভাবে ব্যাখ্যা করা যায় না।

৫) Wallerstein এর তত্ত্বকে অনেক Teleological বলে বর্ণনা করেছেন।

Wallerstein এর বিশ্ব ব্যবস্থাপক তত্ত্বের একাধিক সমালোচনা থাকলেও একথা অনস্বীকার্য যে, আন্তর্জাতিক সম্পর্কের চর্চার বাস্তববাদ এবং বহুত্ববাদ তত্ত্ব এর বাইরে বিশ্ব ব্যবস্থাপকতত্ত্ব সম্পূর্ণ ভিন্ন দৃষ্টিকোণ উপস্থাপন করেছে। সম্পর্ককে অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে বিচার করে একটি স্বতন্ত্র তত্ত্বের বিকাশের সম্ভাবনা সুনিশ্চিত করতে সক্ষম হয়েছিল বলা যায়।